# বিসিএস প্রস্তুতি : বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি গাইডলাইন (সাধারণ বিজ্ঞান ও কম্পিউটার-তথ্যপ্রযুক্তি)

বিসিএস সহ যেকোন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রাথমিক বাচাইকৃত ধাপ হচ্ছে প্রিলিমিনারি পরীক্ষা। বিশেষ করে, বিসিএস ক্যাডার হওয়ার স্বপ্ন পূরণে একজন প্রার্থীকে বিসিএস  প্রিলিমিনারি পরীক্ষায় সবচেয়ে বেশি প্রতিদ্বন্দ্বীর সাথে লড়াই করতে হয়। আর এ লড়াইয়ে টিকে থাকার অন্যতম হাতিয়ার হল সাধারণ বিজ্ঞান ও কম্পিউটার-তথ্য প্রযুক্তি বিষয়টি। সুপরিকল্পিত ভাবে প্রস্তুতি নিলে এই ২টি বিষয়ে খুব সহজে ভাল নম্বর পাওয়া সম্ভব।

আজকের আর্টিকেল থেকে জেনে আমরা নিব বিসিএস বিজ্ঞান ও কম্পিউটার-তথ্যপ্রযুক্তি সিলেবাস (bcs syllabus) ও কিছু গুরুত্বপূর্ণ পরামর্শঃ

**এই আর্টিকেলে রয়েছেঃ**

⇒ বিসিএস সাধারণ বিজ্ঞান প্রস্তুতি

⇒ বিসিএস কম্পিউটার-তথ্যপ্রযুক্তি প্রস্তুতি

বিসিএস সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন।

## সাধারণ বিজ্ঞান বিসিএস প্রস্তুতি গাইডলাইন (BCS preparation general science)

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ একটি বিষয় হল সাধারণ বিজ্ঞান। বিসিএস সহ যেকোন পরীক্ষায় General Science থেকে প্রশ্ন হয়ে থাকে। বিসিএস  প্রিলিমিনারি সিলেবাস অনুযায়ী (Bcs General Science Syllabus) সাধারণ বিজ্ঞান বিষয় থেকে মোট ১৫ টি প্রশ্ন হয়ে থাকে।

আপনি সাইন্স বা নন-সাইন্স যেকোন ব্যাকগ্রাউন্ডের হোন না কেন  প্রিলিতে বিসিএস সাধারণ বিজ্ঞান বিষয়ে ভাল করতে আপনাকে কিছু টেকনিক অনুসরণ করতে হবে। পরিকল্পিত ভাবে বিসিএস প্রিপারেশন নিলে খুব সহজে আপনি বিসিএস সাধারণ বিজ্ঞানে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করতে পারবেন।

## বিসিএস সাধারণ বিজ্ঞান সিলেবাস ও মানবন্টনঃ

### সাধারণ বিজ্ঞান – নম্বর ১৫

- ভৌত বিজ্ঞান (নম্বর ৫)
- জীববিজ্ঞান (নম্বর ৫)
- আধুনিক বিজ্ঞান (নম্বর ৫)

### রেফারেন্স বুকঃ

- ৯ম-১০ম শ্রেণির বিজ্ঞান বই
- ওরাকল বিজ্ঞান / কনফিডেন্স সাধারণ বিজ্ঞান

### সিলেবাস ও মানবন্টন:

### ভৌত বিজ্ঞান (নম্বর ৫)

- পদার্থের অবস্থা, এটমের গঠন
- কার্বনের বহুমুখী ব্যবহার
- এসিড, ক্ষার, লবণ
- পদার্থের ক্ষয়
- সাবানের কাজ
- ভৌত রাশি এবং এর পরিমাপ
- ভৌত বিজ্ঞানের উন্নয়ন
- চৌম্বকত্ব
- তরঙ্গ ও শব্দ
- তাপ ও তাপগতিবিদ্যা
- আলোর প্রকৃতি
- স্থির ও চলতড়িৎ
- ইলেক্ট্রনিক্স
- আধুনিক পদার্থ বিজ্ঞান
- শক্তির উৎস এবং এর প্রয়োগ
- নবায়নযোগ্য শক্তির উৎস
- পারমাণবিক শক্তি ও উৎস
- খনিজ উৎস
- শক্তির রূপান্তর
- আলোক যন্ত্রপাতি
- মৌলিক কণা
- ধাতব পদার্থ এবং তাদের যৌগ সমূহ
- অধাতব পদার্থ

- জারণ-বিজারণ
- তড়িৎকোষ
- অজৈবযৌগ
- জৈবযৌগ
- তড়িৎ চৌম্বক
- ট্রান্সফরমার
- এক্সরে
- তেজস্ক্রিয়তা

**জীববিজ্ঞান (নম্বর ৫)**

- পদার্থের জীববিজ্ঞান বিষয়ক ধর্ম
- টিস্যু
- জেনেটিক্স
- জীববৈচিত্র্য
- এনিমেল ডাইভার্সিটি
- অর্গান এবং অর্গানসিস্টেম
- সালোকসংশ্লেষণ
- ভাইরাস
- ব্যাকটেরিয়া
- জুওলজিক্যাল নমেনক্লেচার
- বোটানিক্যাল নমেনক্লেচার
- প্রাণীজগৎ
- উদ্ভিদ

- ফুল – ফল
- রক্ত ও রক্তসঞ্চালন
- হৃৎপিণ্ড ও হৃদরোগ
- স্নায়ু ও স্নায়ুরোগ
- খাদ্য ও পুষ্টি
- ভিটামিন
- মাইক্রোবায়োলজি
- প্লান্ট নিউট্রিশন
- পরাগায়ন

**আধুনিক বিজ্ঞান (নম্বর ৫)**

- পৃথিবী সৃষ্টির ইতিহাস
- কসমিক রে
- ব্ল্যাক হোল
- হিগের কণা
- বারিমণ্ডল
- টাইড ও বায়ুমণ্ডল
- টেকটনিক প্লেট
- সাইক্লোন ও সুনামি
- বিবর্তন
- সামুদ্রিক জীবন
- মানবদেহ, রোগের কারণ ও প্রতিকার
- সংক্রামক রোগ

- রোগজীবাণুর জীবনধারণ
- মা ও শিশুসাস্থ্য
- ইম্যুনাইজেশন ও ভ্যাকসিনেশন
- এইচআইভি ও এইডস
- টিবিও পোলিও
- জোয়ার ভাঁটা
- এপিকালচার
- সেরিকালচার
- পিসিকালচার
- হরটিকালচার
- ডায়োড ও Transistor
- আইসি (IC)
- আপেক্ষিক তত্ত্ব
- ফোটন কণা ইত্যাদি

আরও পড়ুনঃ <u>বিসিএস প্রস্তুতি : বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি গাইডলাইন ( ইংরেজি ভাষা ও সাহিত্য)</u>

## কিছু পরামর্শঃ

☞ বিগত বছরের বিসিএস প্রশ্ন এনালাইসিস করলে দেখা যায়, বিসিএস সাধারণ বিজ্ঞান বিষয়ে মানবন্টন তেমন ভাবে ফলো করা হয় না। যেকোনো সময় যেকোনো বিষয় থেকে কম বা বেশি প্রশ্ন চলে আসে। তাই বিজ্ঞান থেকে সব কিছুই ভালো ভাবে পড়তে হবে।

☞ বিজ্ঞানের ক্ষেত্রে অনেক সময়  বিগত বছরের  প্রশ্ন রিপিট হয়ে থাকে। তাই প্রথমেই বিগত বছরের বিসিএস প্রশ্ন সমাধান ও ব্যাখা সহ ভালো ভাবে পড়বেন।

☞ সিলেবাস ভালো ভাবে এনালাইসিস করে প্রথমে ৯ম-১০ম শ্রেনীর সাধারণ বিজ্ঞান বোর্ড দিয়ে পড়া শুরু করবেন। তারপর একটা ভালো মানের গাইড (ওরাকল / কনফিডেন্স/ এমপিথ্রি) বই ফলো করবেন।
বিজ্ঞান বিষয়টা কড়া নজর দিয়ে পড়বেন। এখানে ১০+ মার্ক সহজেই পেয়ে যাবেন। আর আপনি যদি সাইন্স বিভাগের হয়ে থাকেন তাহলে ১২+ টার্গেট রাখবেন।

☞ ৩৫-৪৩ পর্যন্ত বিসিএস প্রশ্ন এনালাইসিস করলে দেখা যায়,

⇒ পদার্থ বিজ্ঞানের মধ্যে- স্থির ও চল তড়িৎ, শক্তির উৎস ও ব্যবহার, তেজস্ক্রিয়তা, নবায়ন যোগ্য শক্তির উৎস, চৌম্বক, শব্দ ও তরঙ্গ, তাপ ও গতিবিদ্যা, আলোর প্রকৃতি ও আলোক যন্ত্রপাতি, বস্তুর ওজন , স্থিতিস্থাপকতা, শক্তি রুপান্তরের চার্ট এগুলো থেকে বেশ কয়েকবার  প্রশ্ন এসেছে।

⇒ রসায়নের মধ্যে- পদার্থের অবস্থা ও এটমের গঠন, ধাতব পদার্থ ও তাদের যৌগ সমুহ,জারন-বিজারন, তড়িৎকোষ, এসিড, ক্ষার ও লবণ, কার্বণের বহুমুখিতা, জৈব যৌগ থেকে বিগত বছরে প্রশ্ন এসেছে । তাছাড়া প্রাকৃতিক গ্যাস ও উপাদান, গুরুত্তপুর্ণ কিছু আকরিকের সংকেত এগুলো থেকেও মাঝে মাঝে প্রশ্ন এসেছে।

⇒ জীব বিজ্ঞান এর মধ্যে- খাদ্য ও পুষ্টি ভিটামিন,টিস্যু কোষ, ভাইরাস ও ব্যাক্টেরিয়া, রক্ত, রক্ত সঞ্চালন ও রক্তচাপ, হৃৎপিণ্ড ও হৃৎরোগ, জেনেটিক্স, মাইক্রোবায়োলজি থেকে বিগত বছরে প্রশ্ন এসেছে । আর কিছু টপিক আছে যেগুলো থেকে মাঝে মাঝে প্রশ্ন এসেছে। যেমনঃ জীব বৈচিত্র্য, প্রাণীজগত, উদ্ভিত জগত, ফুল, স্নায়ু ও স্নায়ু রোগ।

⇒ আধুনিক বিজ্ঞান এ- বায়ুমণ্ডল, পৃথিবী সৃষ্টির ইতিহাস, জোয়ার ভাটা, রোগের কারন ও প্রতিকার, সংক্রামক রোগ, বিভিন্ন প্রকার কালচার, বিভিন্ন বিজ্ঞানি ও যন্ত্রপাতি, এগুলো টপিক থেকে প্রশ্ন এসেছে বিগত বছরে।

সবশেষে, উপরের টপিক গুলো গুরুত্ব সহকারে আগে পড়ে ফেলবেন।এছাড়া যত বেশি পারেন মডেল টেস্টে (bcs model test)অংশগ্রহণ করুন। মনে রাখবেন, আপনি ৯ম-১০ম শ্রেণির সাধারণ বিজ্ঞান বইটি যত ভাল ভাবে পড়তে পারবেন বিসিএস প্রিলির পাশাপাশি লিখিত পরীক্ষায়ও আপনার প্রস্তুতি এক ধাপ এগিয়ে থাকবে।

বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি ও লাইভ এক্সাম ফ্রি তে দিতে “হ্যালো বিসিএস” এপ ডাউনলোড করুন।

## কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিসিএস প্রস্তুতি গাইডলাইন (BCS Preparation ICT)

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে বিসিএস কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি সিলেবাস (bcs computer syllabus) থেকে মোট ১৫ নম্বরের প্রশ্ন হয়ে থাকে। বর্তমানে বিসিএস ছাড়াও ব্যাংক নিয়োগ পরীক্ষা,বিভিন্ন সরকারি ও বেসরকারি চাকরির নিয়োগ এবং যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় "কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি" বিষয়ের পূর্ব প্রস্তুতি নেওয়া খুবই জরুরী। না বুঝে মুখস্থ করে আপনি এ বিষয়ে ভাল করতে পারবেন না। তাই বিসিএস কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি প্রশ্নে ভাল নম্বর তুলতে সুপরকল্পিত প্রস্তুতি নিতে হবে যেন আপনার এ বিষয়ে স্বচ্ছ ধারণা থাকে।

## বিসিএস কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি সিলেবাস ও মানবন্টনঃ

## কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি (১৫)

- কম্পিউটার (১০ নম্বর)
- তথ্যপ্রযুক্তি (৫ নম্বর)

## রেফারেন্স বুকঃ

- Textbook of 9-10 class-Information Communication & Technology
- Higher Secondary ICT (Academic 1st & 2nd standard)
- George Series-Easy Computers and Information Technology
- Radical Computer Guide

## সিলেবাস ও মানবন্টনঃ

**কম্পিউটারঃ**

- কম্পিউটার পেরিফেরালস- কীবোর্ড, মাউস, ও সিআর ইত্যাদি
- কম্পিউটারের অঙ্গ সংগঠন- সিপিইউ, হার্ডডিস্ক, এএলইউ ইত্যাদি
- কম্পিউটারের পারফরমেন্স
- দৈনন্দিন জীবনে কম্পিউটার- কৃষি, যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা ইত্যাদি
- কম্পিউটারের নম্বর ব্যবস্থা
- অপারেটিং সিস্টেম
- এমবেডেড কম্পিউটার
- কম্পিউটারের ইতিহাস
- কম্পিউটারের প্রকারভেদ
- কম্পিউটার প্রোগ্রাম- ভাইরাস, ফায়ারওয়াল ইত্যাদি
- ডেটাবেস সিস্টেম

**তথ্যপ্রযুক্তিঃ**

- ই-কমার্স
- সেলুলার ডাটা নেটওয়ার্ক- থ্রিজি, ফোরজি, টুজি,ওয়াইম্যাক্স ইত্যাদি
- কম্পিউটার নেটওয়ার্ক- ল্যান, ম্যান, ওয়াইফাই, ওয়াইম্যাক্স ইত্যাদি
- দৈনন্দিন জীবনে তথ্যপ্রযুক্তি
- স্মার্টফোন
- ওয়ার্ল্ডওয়াইড ওয়েব (www)
- ইন্টারনেট
- নিত্যপ্রয়োজনীয় কম্পিউটিং প্রযুক্তি- ইমেইল, ফ্যাক্স ইত্যাদি

- ক্লাইন্ট সার্ভার ম্যানেজমেন্ট
- মোবাইল প্রযুক্তির বৈশিষ্ট্য সমূহ
- তথ্যপ্রযুক্তির বড় প্রতিষ্ঠান ও তাদের সেবা/তথ্যসমূহ- গুগল, মাইক্রোসফট, আইবিএম ইত্যাদি
- ক্লাউড কম্পিউটিং
- সোশ্যাল নেটওয়ার্কিং- ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম ইত্যাদি
- সাইবার অপরাধ

**কিছু পরামর্শঃ**

☞ প্রথমেই সিলেবাসের টপিক গুলো ৯ম-১০ম শ্রেণির বই থেকে একবার চোখ বুলিয়ে নিন।এতে করে বেসিক বিষয়গুলো সম্পর্কে আপনার একটা ধারণা হবে।

☞ ৩৫-৪৩ বিসিএস পর্যালোচনা করে দেখা গেছে কম্পিউটার নম্বর সিস্টেম,পেরিফে্রালাস , কম্পিউটারের ইতিহাস ও কম্পিউটারের অঙ্গ সংগঠন এই টপিক গুলো থেকে বরাবরই প্রশ্ন হয়ে থাকে। তাই এগুলো আগে পড়ে ফেলুন।

☞ তথ্যপ্রযুক্তি থেকে কম্পিউটার নেটওয়ার্ক খুব বেশি গুরুত্বপূর্ণ একটি টপিক। তাই এটি ভালভাবে পড়ুন।কম্পিউটার নেটওয়ার্ক পড়ার ক্ষেত্রে কম্পিউটারের বিভিন্ন ধরনের নেটওয়ার্কের নাম, ফুল মিনিং, LAN,WAN,MAN,Wimax ইত্যাদির ব্যবহৃত ক্ষেত্র,বিভিন্ন মোবাইল অপারেটিং সিস্টেম ইত্যাদি গুরুত্ব দিয়ে পড়ুন।

☞ বিগত বছরের প্রশ্ন এনালাইসিস করুন। কারণ সিলেবাসের বাইরে থেকেও অনেক প্রশ্ন আসতে পারে।

☞ এছাড়াও পিএসসির নন-ক্যাডার পরীক্ষাসহ  অন্যান্য সরকারী চাকরী ও ব্যাংক জব পরীক্ষার কম্পিউটার ও তথ্যপ্রযুক্তির প্রশ্ন গুলো ভাল ভাবে পড়তে পারেন।

সবশেষে, প্রতিযোগিতামূলক পরীক্ষায় টিকে থাকতে ১ নম্বরের ভূমিকাও অনেক। তাই বিসিএস পরীক্ষার প্রস্তুতি নিতে আইসিটি অংশটি মোটেও হেলাফেলা করবেন না। প্রিলির পাশাপাশি লিখিত পরীক্ষায় ভালো প্রস্তুতি  বিশাল এই  সিলেবাস থেকে গুরুত্বপূর্ণ বিষয় গুলো আলাদা করে প্রস্তুতি শুরু করুন। তাছাড়া অপ্রয়োজনীয় প্রশ্ন পড়তে গিয়ে প্রয়োজনীয় প্রশ্ন যেন বাদ না পড়ে যায় তাই পরিকল্পনা করে  সঠিক বিসিএস প্রস্তুতি নিন।

বিসিএস প্রস্তুতি বিজ্ঞান ও কম্পিউটার-তথ্যপ্রযুক্তি গাইডলাইন নিয়ে আজ এই পর্যন্তই। ধন্যবাদ।

কিছু প্রয়োজনীয় ওয়েবসাইটঃ

Free BCS Live Exam : https://hellobcs.com/

https://www.facebook.com/hellobcsbd

http://www.bpsc.gov.bd/